উপজেলা পরিষদ
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

**বিষয় ঃ জানুয়ারি/২০২০ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী**

সভাপতি ঃ মোঃ শাহজাহান ভূইয়া
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
তারিখ ঃ ৩০ জানুয়ারি ২০২০।
সময় ঃ সকাল ১১:০০ টা।
স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

উপস্থিত সদস্যবৃন্দকে নতুন বছরের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরনী পাঠক্রমে সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

সভায় বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ-

| নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা মাননীয় মন্ত্রী মহোদয় সুস্থ্য হয়ে আমাদের মাঝে ফিরে আসায় আল্লাহর প্রতি শুকরিয়া আদায় করেন। তিনি বলেন, মাননীয় মন্ত্রী মহোদয়ের প্রচেষ্ঠায় আমরা রূপগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর জন্য অত্যাধুনিক একটি নতুন এম্বুলেন্স বরাদ্দ পেয়েছি। এজন্য মন্ত্রী মহোদয়কে শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি। তিনি আমাদের পাশে সবসময় ছিলেন, আছেন এবং ভবিষ্যতে আমাদের মাঝে থাকবেন। আমরা আপনার দীর্ঘায়ু কামনা করি। ইতোমধ্যে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডিজিটাল এক্স-রে মেশিন উদ্বোধন করা হয়েছে। ইমার্জেন্সি রুম এক্সটেনশন করা হয়েছে। রূপগঞ্জ সাবসেন্টার উদ্বোধন করা হয়েছে। তিনি আরো বলেন, প্রমোশন জনিত কারনে বেশ কিছু ডাক্তার বদলি হয়ে যাওয়ায় বর্তমানে কনসালটেন্ট ০৯টি ও মেডিকেল অফিসার ০১টি পদ শূণ্য রয়েছে। তিনি আরো বলেন স্বাস্থ্য কমপ্লেক্স হতে মান সম্মত সেবা প্রদান করা হচ্ছে। গত মাসে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে আন্তঃ বিভাগ ৩১০জন, বহিঃ বিভাগ ৭৪৩৭ জন, জরুরী বিভাগ ৬৭০ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। রূপগঞ্জ উপ-স্বাস্থ্য কেন্দ্রে মোট ৩২১১ জনকে সেবা প্রদান করা হয়। প্রসুতি বিভাগ হতে নরমাল ডেলিভারী ৩০ টি, সিজারিয়ান ডেলিভারী ০০ টি, এবং কমিউনিটি ক্লিনিক হতে মোট ৩৮,৫১৩ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। পরশিবাজার কমিউনিটি ক্লিনিক ও পিতল গঞ্জ কমিউনিটি ক্লিনিক এর ফ্লোর মেরামত প্রয়োজন মর্মে তিনি জানান। মুজিববর্ষ উপলক্ষে শতভাগ টিকা কার্যক্রম গ্রহণ করাসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। | সেবার মান সন্তোষজনক পর্যায়ে রেখে কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা |
| ২ | উপজেলা প্রকৌশল বিভাগ | পরিশিষ্ট-ক দ্রষ্টব্য | | |
| ৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, চলতি রবি মৌসুমে ৩৫০ হেক্টর জমিতে বোরো ধানের বীজতলা স্থাপন করা হয়েছে। বর্তমানে ২২৭০ হেঃ জমিতে বোরো ধান রোপন করা হয়েছে। রোপন কাজ চলমান। রবি মৌসুমের আবাদ শাক সবজির আবাদ শুরু হয়েছে। প্রায় ২৫০০ হেঃ জমিতে সবজী | মনিটরিং অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আবাদ করা হয়েছে। রাসায়নিক সারের মজুদ স্বাভাবিক রয়েছে। বর্তমানে ৪০৫ মেঃ টন ইউরিয়া, ১৩০ মেঃ টন টিএসপি, ২৬৮ মেঃ টন ডিএপি এবং ২৩০ মেঃ টন এমওপি সার মজুদ রয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী ও মুজিব বর্ষ যথাযথ মর্যাদায় পালনের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে দেশের প্রত্যেক জেলার প্রতি উপজেলায় প্রতিটি ইউনিয়নে ১টি করে এক দিনের ''কৃষি মেলা/উৎসব'' ১৭ মার্চ ২০২০ খ্রিঃ হতে ১৭ মার্চ/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে বাস্তবায়ন করার পরিকল্পনা গ্রহন করা হয়েছে। রূপগঞ্জ উপজেলার ৭ টি ইউনিয়নে এই সময়কালের মধ্যে ''কৃষি মেলা/উৎসব'' পালন করা হবে। ১৬ ডিসেম্বর ২০১৯ সাল হতে ডিএপি সারের মূল্য কেজি প্রতি ৯টাকা কমানো হয়েছে। পূর্বে মূল্য ছিল ২৫ টাকা, বর্তমানে ১৬ টাকা কেজিতে বিক্রি হচ্ছে। নিরাপদ সবজি কর্ণার ও নিরাপদ সবজি গ্রাম স্থাপন করা হয়েছে। নিরাপদ সবজি গ্রাম হিসেবে রোহিলা, বৈলদা ও আমদিয়া গ্রামকে নির্বাচন করা হয়েছে। এডিপির সহায়তায় উপকরণ বিতরণ করা হলে কৃষকরা উপকৃত হবেন। উদ্ধোদ্ধকরণের মাধ্যমে বেগুনি ধানের আবাদ করা হয়েছে। তাছাড়া সারের মনিটরিং অব্যাহত রয়েছে। | | |
| ৪ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূলতা দীঘিতে অ্যারেটর দেয়ার জন্য অনুরোধ জানান। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে তিনি সভাকে অবিহিত করেন। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রণিসম্পদ কর্মকর্তা জানান যে, গবাদিপশুর টিকা প্রদান- চলতি মাসে- ৪৮১২টি, ক্রমপুঞ্জিত- ১৯৫৪৮টি।<br>হাঁস-মুরগির টিকা প্রদান- চলতি মাসে- ৯৫৬০০টি, ক্রমপুঞ্জিত- ৩৬৬৪০০টি।চিকিৎসা প্রদান- গবাদিপশু- চলতি মাসে- ৪৬১০টি, ক্রমপুঞ্জিত- ৩০৬৩৭টি। হাঁস-মুরগির চিকিৎসা প্রদান- চলতি মাসে- ৬১৮৪৯টি, ক্রমপুঞ্জিত- ৩১২৮৭৩টি। পোষা প্রাণির চিকিৎসা প্রদান- চলতি মাসে- ৪৩টি, ক্রমপুঞ্জিত- ৪৩টি।<br>চলতি মাসে গবাদিপশুর নমুনা প্রেরন- ১১টি, ক্রমপুঞ্জিত- ৭৩টি।<br>উঠান বৈঠকের আয়োজন, চলতি মাসে- ৫টি, ক্রমপুঞ্জিত- ৩৫টি।<br>দুধ উৎপাদন- চলতি মাসে- ৬৩৯৬ (লক্ষ মেট্রিক টন)<br>মাংস উৎপাদন চলতি মাসে- ৩০৬৬ (লক্ষ মেট্রিক টন)<br>ডিম উৎপাদন চলতি মাসে- ০.২৯৫ (কোটি)<br>রাজস্ব আদায় ঃ<br>টিকা বিক্রয়- ২৪৯৩৫/- টাকা। কৃত্রিম প্রজনন ফি আদায়- ৩৪৩৫০/- টাকা। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে মর্মে তিনি সভাকে অভিহিত করেন। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৬ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | **<u>২০১৯-২০২০ অর্থ বছর ১ম পর্যায়</u>**<br>**<u>(ক) টিআর কর্মসূচি-১ম পর্যায়</u>**<br>(১) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক নন-সোলার খাতে ১৬,৭৪,৩০৪.৪৪ টাকার বিপরীতে ২৬টি প্রকল্পের কাজ চলমান। কাজের গড় অগ্রগতি ৬০%।<br>(২) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক সোলার খাতে ১৪,৪৩,০৪১.১৪ টাকার বিপরীতে ৩০টি প্রকল্পের কাজ | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

চলমান কাজের গড় অগ্রগতি ৩০%।

(৩) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক নন-সোলার খাতে ৪৯,৫৭,৬৬৬.০০ টাকার বিপরীতে ৮০টি প্রকল্পের কাজ চলমান। কাজের গড় অগ্রগতি ৬০%।

(৪) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক সোলার খাতে ৪২,৭২,৮৮৮.৯৫ টাকার বিপরীতে ৭৭টি প্রকল্পের কাজ চলমান। কাজের গড় অগ্রগতি ৩০%।

(৫) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় কাঞ্চন পৌরসভায় নন-সোলার খাতে ৩,৮৮,২৮৫.৬৪ টাকার বিপরীতে ১২ টি প্রকল্পের কাজ চলমান। কাজের গড় অগ্রগতি ৬০%।

(৬) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় কাঞ্চন পৌরসভায় সোলার খাতে ৩,৪৫,২৪৩.৩৫ টাকার বিপরীতে ০৭ টি প্রকল্পের কাজ চলমান। কাজের গড় অগ্রগতি ৬০%।

(৭) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় তারাব পৌরসভায় নন-সোলার খাতে ৬,২৭,০৬৪.৪১ টাকার বিপরীতে ১৩ টি প্রকল্পের কাজ চলমান। কাজের গড় অগ্রগতি ৩০%।

(৮) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর)কর্মসূচির আওতায় তারাব পৌরসভায় সোলার খাতে ৫,৫৭,৫২০.০৩ টাকার বিপরীতে ১৪ টি প্রকল্পের কাজ চলমান। কাজের গড় অগ্রগতি ৩০%।

**(খ)কাবিখা/কাবিটা কর্মসূচি-১ম পর্যায়**

(১) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক নন- সোলার খাতে ৬৪.১২০৪ মে:টন চালের বিপরীতে ০৮টি প্রকল্পের কাজ চলমান। কাজের অগ্রগতি ৬০%।

(২) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদ ভিত্তিক সোলার খাতে ১৯,৫৫,৬৮৭.৫৯ টাকার বিপরীতে ৩৮টি প্রকল্পের কাজ চলমান। কাজের অগ্রগতি ৩০%।

(৩) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক নন- সোলার খাতে ১৬০.৫৫৫ মে:টন চালের বিপরীতে ১১ টি প্রকল্পের কাজ চলমান। কাজের অগ্রগতি ৬০%।

(৪) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক সোলার খাতে ৪৪,১২,৮০০.০০ টাকার বিপরীতে ৭৯টি প্রকল্পের কাজ চলমান। কাজের অগ্রগতি ৩০%।

**(গ) দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণকর্মসূচি-১ম পর্যায়**

**কাবিটা বিশেষ কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে রূপগঞ্জ উপজেলায় ২৪টি দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণ প্রকল্পের অধীনে ৭১,৯৬,৬৪০/- টাকা বরাদ্দ পাওয়া যায়। কাজ চলমান রয়েছে। কাজের অগ্রগতি ৬০%**

**(ঘ) সেতু/কালভার্ট কর্মসূচি-১ম পর্যায়**

| | | | | |
|---|---|---|---|---|
| | | (১) সেতু কালভাট নির্মাণ কর্মসূচির আওতায় চলতি অর্থ বছরের টেন্ডার প্রক্রিয়া চলমান।<br>**(ঙ) ইজিপিপি কর্মসূচি-১ম**<br>(১) অতিদরিদ্রের জন্য কর্মসংস্থান কর্মসূচির আওতায় ১,৫৯,৭৬,০০০.০০টাকার বিপরীতে ৩৪টি প্রকল্পের কাজ বিগত ৩০/১১/২০১৯ তারিখে আরম্ভ করা হয়েছে। কাজ চলমান ।কাজের অগ্রগতি ৭০%।<br>**চ) এইচবিবি কর্মসূচি-১ম পর্যায়**<br>(১) গ্রামীণ মাটির রাস্তা সমূহ টেকসই করণ (এইচবিবি) কর্মসূচি-১ম পর্যায় ৩টি প্যাকেজে ভূলতা, ভোলাব,গোলাকান্দাইল ও কায়েতপাড়া ইউপির ৪ কি:মি: রাস্তার কাজ চলমান রয়েছে। কাজের অগ্রগতি ৭০%<br>**ছ) বন্যা প্রবণ ও নদী ভাঙন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ :**<br>গোলাকান্দাইল ইউনিয়নের মজিবুর রহমান ভূইয়া উচ্চ বিদ্যালয়ে বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্পটি অনুমোদিত হয়েছে এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর থেকে ই-টেন্ডার আহবান করা হয়েছে। আগামী ১৬/০২/২০২০ ইং তারিখে দরপত্র বিক্রয়ের শেষ তারিখ এবং ১৭/০২/২০২০ ইং তারিখে দরপত্র দাখিল ও খোলা হবে। | | |
| ৭ | পরিবার পরিকল্পনা বিভাগ | অনুপস্থিত | | |
| ৮ | শিক্ষা | উপজেলা শিক্ষা অফিসার বলেন, আন্ত ক্রীড়া প্রাথমিক বিদ্যালয় খেলা-ধূলার কার্যক্রম চলমান রয়েছে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের এ বিষয়ে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। তিনি বলেন, এছাড়া কলকারখানায় যারা কাজ করে তাদের মধ্যে যারা লেখা পড়ায় আগ্রহী তাদের একটি তালিকা করা হচ্ছে। মুজিববর্ষ উপলক্ষে আমরা বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছি এবং তা বাস্তবায়নে করে যাচ্ছি। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | কার্যক্রমের এধারা অব্যহত রাখা জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ৯ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, মাননীয় মন্ত্রী মহোদয়কে সুস্থ্য অবস্থায় আমরা অনেক আনন্দিত। তিনি বলেন, শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা শুরু হয়েছে। এ বিষয়ে তিনি সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। খেলা চলাকালীন সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের তদারকি করার অনুরোধ জানান। ইতোমধ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০২০ শিক্ষাবর্ষের বই বিতরণ করা হয়েছে। আমরা ১ জানুয়ারি ২০২০ বই উৎসব পালন করেছি। মুজিববর্ষ উপলক্ষে আমরা বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছি এবং তা বাস্তবায়নে করে যাচ্ছি। ইতোমধ্যে বঙ্গবন্ধুকে জানি এ বিষয়ে আমরা প্রোগাম করেছি। | কার্যক্রমের এধারা অব্যহত রাখা জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০ | সমাজসেবা অধিদপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন, উপজেলা সমাজসেবা কার্যালয়ের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরের বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার বরাদ্দ পাওয়া গিয়াছে। পরে তিনি ইউনিয়ন ওয়ারি বরাদ্দ সংখ্যা সভায় উপস্থাপন করেন। বরাদ্দ | কার্যক্রমের এধারা অব্যহত রাখা জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিভাজনের আলোকে নীতিমালা অনুযায়ী ব্যাপক মাইকিং ও প্রচার-প্রচারনার মাধ্যমে উন্মুক্ত বাছাইয়ের মাধ্যমে ভাতাভোগী নির্বাচনের জন্য মহাপরিচালক সমাজসেবা অধিদফতর এর নিকট থেকে প্রাপ্ত পত্রের নির্দেশনা অনুসারে প্রয়োজীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে তিনি উল্লেখ করেন। উন্মুক্ত বাছাইয়ের দিন তারিখ নির্ধারন পূর্বক সিডিউল তৈরি করে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের পত্র প্রেরণ করা হবে বলে তিনি জানান এবং সিডিউল মোতাবেক উন্মুক্ত বাছাইয়ের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | | |
| ১১ | যুব উন্নয়ন অধিদপ্তর | অনুপস্থিত | | |
| ১২ | মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন, দরিদ্র মা'র জন্য সরকারীভাবে প্রতি ইউনিয়নে ৮০ জনকে ভাতা দেয়া হয়। তারপরও আরো অনেক দু:স্থ মহিলা থাকে যাদের প্রেগনেন্সি ভাতা দেয়া সম্ভব হয় না বিধায় মন্ত্রী মহোদয় ডিউ লেটারের মাধ্যমে প্রতি ইউনিয়ন হতে এই সমস্ত মহিলাদের বিধি মোতাবেক ভাতার ব্যবস্থা করবেন বলে মন্ত্রী মহোদয় আশ্বস্ত করেছেন। প্রতি ইউনিয়ন হতে বিধি বিধান অনুসরণ করে প্রেগনেন্সি মহিলাদের তালিকা প্রেরণ করার জন্য এবং মহিলাদের সেলাই প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থীদের তালিকা প্রেরণ করার জন্য সকল চেয়াম্যানদেরকে অনুরোধ করা হয়। দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩ | বিআরডিবি | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, মুজিববর্ষ উপলক্ষে পরিচ্ছন্ন গ্রাম সংক্রান্ত বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে এবং তা বাস্তবায়নে আমাদের প্রচেষ্টা অব্যাহত থাকবে। বিআরডিবির সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে তিনি সভাকে অবিহিত করেন। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা বিআরডিবি কর্মকর্তা |
| ১৪ | জনস্বাস্থ্য প্রকৌশল | উপজেলা জনস্বাস্থ্য সহকারী প্রকৌশল অধিদপ্তর বলেন, চাহিদা ভিত্তিক প্রকল্পের অধীন প্রাথমিক বিদ্যালয়ে ৭টি দ্বিতল ওয়াশব্লক নির্মাণ কাজ চলিতেছে। বিশ্ব ব্যাংকের আর্থিক সহায়তায় তারাব পৌরসভায় পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ কাজের দরপত্র আহবান করা হয়েছে। নলকূপ বরাদ্দ এখনো পাওয়া যায় নাই। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে মর্মে তিনি সভাকে অভিহিত করেন। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ১৫ | সমবায় | উপজেলা সমবায় অফিসার বলেন, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। তিনি আরো বলেন, জাইকার অর্থায়নে প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। | কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৬ | খাদ্য নিয়ন্ত্রক অধিদপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা বলেন, আগামী ১লা মার্চ/২০২০ সাল হতে খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় ১০ টাকা কেজি দরে কার্ডধারীদের মাঝে বৎসরে সাত মাস চাল সরবরাহ করা হবে। যে সকল ইউপি চেয়ারম্যান এখনো দরিদ্র ভোক্তাদের হালনগাদ তালিকা দাখিল করেননি তাদের কে আগামী ৩/২/২০২০ ইং তারিখের মধ্যে অবশ্যই চাহিত তালিকা দাখিল করার জন্য অনুরোধ করা হয়। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৭ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা বলেন তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | কার্যক্রমের এ ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা বন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | সমন্বয়কারী/ ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | অনুপস্থিত | | |
| ১৯ | পরিসংখ্যান | অনুপস্থিত | | |
| ২০ | পল্লী দারিদ্র্য বিমোচন | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা বলেন, জানুয়ারি ২০২০ ইং মাসে ১৭টি সমিতিতে ৩৮ জন সদস্যকে ১০.৩৫। ১২ জন সদস্যকে ২১.৫০ লক্ষ টাকা উদ্যোক্তা ঋণ দেওয়া হয়েছে। ২৫ জন সদস্যকে নেতৃত্ব বিকাশ সামাজিক উন্নয়নের উপর প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২১ | পজীপ | উপজেলা প্রকল্প কর্মকর্তা বলেন, এ মাসে ৩.২০ লক্ষ টাকা ঋণ বিতরন। চলতি অর্থ বছরে ১১৭ জন সদস্যদের মধ্যে ৩১ লক্ষ আশি হাজার টাকার ঋণ বিতরণ করা হয়। উক্ত সময়ে ৩০ লক্ষ ৯৫ হাজার টাকা আদায় করা হয়। এছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক চলছে মর্মে জানান। | কার্যক্রমের পূর্বের ধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প কর্মকর্তা |
| ২২ | পল্লী বিদ্যুৎ | ডিজিএম নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ শুরুতে রূপগঞ্জের অভিভাবক, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বস্ত্র ও পাঠ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব গোলাম দস্তগীর গাজী, বীরপ্রতীক সুস্থ্য হয়ে বিদেশ হতে আমাদের মাঝে ফিরে আসায় আল্লাহতালার নিকট শুকরিয়া জ্ঞাপন করেন এবং তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। তিনি বলেন, স্বাধীনতার স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী আর মাত্র ৪৬ দিন বাকী। জাতীয় পোগ্রামের সাথে সংগতি রেখে পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক যথাযোগ্য মর্যাদার সহিত জাতির জনক বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী পালন করা হবে। রূপগঞ্জ উপজেলাকে ইতোমধ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে শতভাগ বিদ্যুতায়ন ঘোষনা করা হয়েছে। নতুন নতুন যে সকল ঘরবাড়ী নির্মিত হচ্ছে সেগুলোতে অতি অল্প সময়ের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হচ্ছে এবং ভবিষ্যতেও এই কার্যক্রম অব্যাহত থাকবে। মুজিব বর্ষ হতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে পরিকল্পনা গ্রহন করা হয়েছে। পরিকল্পনা অনুযায়ী বৈদ্যুতিক লাইনের যেসকল সমস্যা রয়েছে তা দ্রুত মেরামত কাজ অব্যাহত রয়েছে। মাননীয় মন্ত্রী জনাব গোলাম দস্তগীর গাজী, বীরপ্রতীক পল্লী বিদ্যুৎ কার্যক্রমের প্রশংসা করেন এবং মাননীয় প্রধানমন্ত্রী পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমে সন্তুষ্ট রয়েছেন মর্মে অভিমত ব্যক্ত করেন। ডিজিএম পল্লীবিদ্যুৎ বলেন, বিদ্যুৎ জাতীয় সম্পদ। "বিদ্যুৎ অপচয় রোধ করি, সোনার বাংলাদেশ গড়ি" এই প্রতিপাদ্যকে সামনে রেখে সবাইকে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ি হওয়ার অনুরোধ জানান। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে তিনি সভাকে অবিহিত করেন। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ |
| ২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | অনুপস্থিত | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | (ইউজিডিপি) | | | |
| ২৪ | পানি উন্নয়ন বোর্ড | অনুপস্থিত | | |
| ২৫ | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | সার্বিক কাজ স্বাভাবিকভাবে চলছে। | কার্যক্রমের এধারা অব্যহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | শিক্ষা প্রকৌশল অধির্দপ্তর, নারায়ণগঞ্জ |
| ২৬ | বিবিধ-০১ | | প্রতিবন্ধী যাচাই বাছাই জরিপ কার্যক্রমে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/মেয়র প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও পৌরসভা মেয়র |
| ২৭ | বিবিধ-০২ | | ভূলতা দিঘিতে ০৪টি অ্যারেটর দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

সংরক্ষিত মহিলা সদস্য বৃষ্টি, তিনি সবাইকে স্বাগত শুভেচ্ছা জানান। তিনি জানান যে, মাননীয় মন্ত্রী মহোদয় অসুস্থ্য হওয়ার পর আমরা সবাই দোয়া করেছি। আল্লাহ আমাদের দোয়া কবুল করেছেন। সারা বাংলার অহংকার, রুপকার মাননীয় মন্ত্রী মহোদয় সুস্থ হয়ে আমাদের মাঝে ফিরে এসেছেন এজন্য আল্লাহর কাছে শুকরিয়া আদায় করেন। তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে জানান। তিনি সকলকে বিজয়ের শুভেচ্ছা জানান।

মেয়র, কাঞ্চন পৌরসভা, তিনি বলেন যে, মাননীয় মন্ত্রী মহোদয় সুস্থ হয়ে আমাদের মাঝে ফিরে এসেছেন এটা আমাদের বড় পাওয়া। এজন্য তিনি মহান আল্লাহর কাছে শুকরিয়া জানান।

কায়েতপাড়া ইউনিয়ন প্রতিনিধি বলেন, মাননীয় মন্ত্রী মহোদয় চিকিৎসার জন্য বিদেশ যাওয়ার পর আমরা রূপগঞ্জবাসী অভিভাবকহীন হয়ে পড়েছি। মাননীয় মন্ত্রী মহোদয় আমাদের অভিভাবক, তাকে ছাড়া আমরা কোনো গুরুত্ব সিদ্ধান্ত নিতে পারি না। আল্লাহর কাছে লাখো শুকরিয়া তিনি সুস্থ হয়ে আমাদের মাঝে ফিরে এসেছেন। বরালু শীতলক্ষা নদীর তীরে অবস্থিত বরালু পাড়াগাওঁ বাতেনিয়া হাফেজিয়া মাদ্রাসার মাঠ ভেঙ্গে যাচ্ছে এ বিষয়ে তিনি সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন এবং এর সমাধানের অনুরোধ জানান।

চেয়ারম্যান, রূপগঞ্জ ইউনিয়ন পরিষদ বলেন, মাননীয় মন্ত্রী মহোদয় অসুস্থ্য হয়ে পড়লে আমরা রুপগঞ্জবাসী সকলে অত্যন্ত কষ্ট পেয়েছি। প্রায় ১৮ বছরের মধ্যে আমরা এত বড় কষ্ট পাই নাই। মাননীয় মন্ত্রী মহোদয় আমাদের অভিভাবক, তাকে ছাড়া আমরা কোনো সিদ্ধান্ত নিতে পারি না। আল্লাহর কাছে লাখো শুকরিয়া তিনি সুস্থ হয়ে আমাদের মাঝে ফিরে এসেছেন। তিনি আরো জানান যে, কাঞ্চন ব্রীজ হতে ফৌজরবাড়ী পর্যন্ত রাস্তাটি অত্যন্ত জনবহুল একটি রাস্তা। গভীর রাত্রে পাথর বোঝাই করা ২০/২৫ টন ওজনের ট্রাক চলাচলের কারণে রাস্তাটি বর্তমানে চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। এ বিষয়ে তিনি সভাপতির দৃষ্টি আর্কষণ করেন। এছাড়া কাঞ্চন ব্রীজ সংলগ্ন চত্বরটি বঙ্গবন্ধু চত্বর নামকরণের জন্য মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

চেয়ারম্যান ভূলতা ইউনিয়ন পরিষদ বলেন, মাননীয় মন্ত্রী মহোদয় সুস্থ হয়ে আমাদের মাঝে ফিরে এসেছেন এজন্য আল্লাহর কাছে শুকরিয়া আদায় করেন। আমরা সবাই মাননীয় মন্ত্রী মহোদয়ের জন্য মহান আল্লাহর কাছে দোয়া করেছি। মহান আল্লাহ তায়াল্লা আমাদের দোয়া কবুল করেছেন। তিনি জানান যে, ভুলতা ইউনিয়নে আতলাসপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং আউখাব সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নিমার্ণ হলে শিক্ষার্থীরা উপকৃত হবে। এছাড়া বর্তমানে যেসব বিদ্যালয়ে নিমার্ণ কাজ ধরা হয়েছে তা বর্ষার আগে যেনো শেষ করা এব বিভিন্ন রাস্তার পাশের সোলার লাইটগুলোর বেশির ভাগ অকেজো। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।

চেয়ারম্যান, দাউদপুর ইউনিয়ন পরিষদ সবাইকে নতুন বছরের শুভেচ্ছা জানান। তিনি বলেন, মাননীয় মন্ত্রী মহোদয় আমাদের অত্যন্ত আপনজন। তিনি অসুস্থ্য হয়ে সিঙ্গাপুর যাওয়ার পর আমরা রূপগঞ্জবাসী অভিভাবকহীন হয়ে পড়েছি। আল্লাহর প্রতি শুকরিয়া আদায় করছি তিনি আজ সুস্থ্য হয়ে আমাদের মাঝে ফিরে এসেছেন। দাউদ ইউনিয়নের নির্বাচনকে কেন্দ্র করে মেম্বার প্রার্থীদের মধ্যে দ্বন্দ্ব দেখা যায়। এ বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

চেয়ারম্যান, মুড়াপাড়া ইউনিয়ন পরিষদ বলেন, আমাদের প্রাণপ্রিয় নেতা, জনপ্রিয় নেতা মাননীয় মন্ত্রী মহোদয় অসুস্থ্য হওয়ার পর রূপগঞ্জের সর্বস্তরের জনগন আমাদের মন্ত্রী মহোদয়ের জন্য দোয়া করেছে। আল্লাহর অশেষ রহমতে তিনি খুব দ্রুতই সুস্থ্য হয়ে আমাদের মাঝে ফিরে এসেছেন। আমরা দোয়া করি তিনি যেন সবসময় সুস্থ্য থাকেন। তিনি জানান যে, আমাদের মন্ত্রী মহোদয়ের প্রচেষ্টায় মুড়াপাড়া পাইলট উচ্চ বিদ্যালয়কে সরকারিকরণ করা হয়েছে। এজন্য তিনি মন্ত্রী মহোদয়কে ধন্যবাদ জানান। এছাড়াও তিনি জানান দূর্যোগ ব্যবস্থাপনার আওতায় দীর্ঘদিন যাবত কোনো টেন্ডার হচ্ছে না। এ বিষয়ে তিনি সভাপতি মহোদয় ও উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষন করেন।

চেয়ারম্যান, ভোলাব ইউনিয়ন পরিষদ, সবাইকে স্বাগত শুভেচ্ছা জানান। মাননীয় মন্ত্রী মহোদয় সুস্থ হয়ে আমাদের মাঝে ফিরে এসেছেন এজন্য আল্লাহর কাছে শুকরিয়া আদায় করেন। মাননীয় মন্ত্রী মহোদয় অসুস্থ থাকা অবস্থায় আমাদের কথা ভেবেছেন, রূপগঞ্জবাসীর কথা চিন্তা করেছে। আমি দোয়া করি মাননীয় মন্ত্রী মহোদয় দীর্ঘদিন সুস্থ্য থেকে যেন আমাদের সেবা করতে পারেন। তিনি জানান যে, ভোলাব ইউনিয়নে পরিষদে যে রাস্তার কার্যক্রম শুরু হয়েছে তা ৩০ ফুট হওয়ার কথা থাকলে প্রকৃতপক্ষে তা ৩০ ফুট হচ্ছে না। গণবাংলা উচ্চ বিদ্যালয় এর রাস্তার পাশে এবং বাজারের রাস্তার পাশে ড্রেন নির্মাণ করলে জনগণের চলাচল করতে সুবিধা হবে এ বিষয়ে তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

চেয়ারম্যান বিআরডিবি সবাইকে নতুন বছরের স্বাগত শুভেচ্ছা জানান। মাননীয় মন্ত্রী মহোদয় অসুস্থ্য থাকা অবস্থায়ও আমাদের কথা ভেবেছেন, আমাদের রূপগঞ্জের উন্নয়নের কথা ভেবেছেন। আমরা সত্যিই গর্বিত এমন একজন অভিভাবককে আমরা পেয়েছি। আমি দোয়া করি মাননীয় মন্ত্রী মহোদয় দীর্ঘদিন সুস্থ্য থেকে যেন আমাদের সেবা করতে পারেন।

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, জনাব সৈয়দা ফেরদৌসী আলম নীলা বলেন যে, মাননীয় মন্ত্রী মহোদয় অসুস্থ্য হওয়ার পর রূপগঞ্জের সর্বস্তরের জনগন আমাদের মন্ত্রী মহোদয়ের জন্য দোয়া করেছে। মসজিদ, মন্দির, বিদ্যালয়সহ বিভিন্ন সংগঠন কর্তৃক মন্ত্রী মহোদয়ের সুস্থ্যতার জন্য দোয়া করা হয়েছে। আল্লাহ আমাদের দোয়া কবুল করেছেন। আপনার প্রতি মাননীয় প্রধান মন্ত্রীর যে ভালোবাসা দেখেছি তা অতুলনীয়। মাননীয় প্রধান মন্ত্রী সবসময় আপনার খোজ খবর নিয়েছেন। আমরা মুগ্ধ। আমরা আপনার জন্য ধন্য। রূপগঞ্জের জন্য আপনাকে সুস্থ্য থাকতে হবে। আপনি সুস্থ্য থাকলে রূপগজ্ঞের উন্নয়ণ ত্বরান্বিত হবে। মুজিববর্ষ উপলক্ষে গৃহীত বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন

উপজেলা ভাইস-চেয়ারম্যান, জনাব সোহেল আহম্মেদ ভূইয়া বলেন যে, মাননীয় মন্ত্রী মহোদয় সুস্থ্য হয়ে আমাদের মধ্যে ফিরে এসেছেন এ জন্য আল্লাহর কাছে লাখো শুকরিয়া আদায় করি। মাননীয় মন্ত্রী মহোদয় সার্বক্ষণিক আমাদের কথা চিন্তা করে, রূপগঞ্জের উন্নয়নের কথা চিন্তা করে। এমনকি মন্ত্রী মহোদয় অসুস্থ্য থাকা অবস্থায়ও রূপগঞ্জের উন্নয়নের কথা ভেবেছেন। আমি মন্ত্রী মহোদয়কে বলব, আপনি নিজের প্রতি যত্নবান হউন। আপনি সুস্থ্য থাকলে আমরা সুস্থ্য থাকবো। আপনি বেঁচে থাকলে আমাদের রূপগঞ্জের উন্নয়ন হবে। তাই আমি আপনাকে অনুরোধ করছি আপনি আপনার প্রতি অধিক যত্নশীল হউন। সারা বাংলাদেশের উন্নয়ন আজ দূর্বার গতিতে হচ্ছে। মাদককে শিথিল করতে হবে। খেলাধুলার প্রয়োজনীয় ব্যবস্থা করে জনগণকে মাদক থেকে দূরে রাখতে হবে। আমরা মুজিববর্ষ উপলক্ষে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছি। মুজিববর্ষ উপলক্ষে গৃহীত বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন ।

জনাব গোলাম দস্তগীর গাজী (বীর প্রতীক) এমপি, মাননীয় মন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি আমি কৃতজ্ঞতা প্রকাশ করছি। আমি অসুস্থ্য থাকা অবস্থায় তিনি সার্বক্ষণিক খোঁজ-খবর নিয়েছেন। আমার জন্য সুস্থ্যতার জন্য দোয়া করেছেন। আপনাদের ভালোবাসা আমায় অভিভূত করেছে। আপনারা সবাই আমার জন্য দোয়া করেছেন। আমি ফেইসবুকসহ অন্যান্য মিডিয়ার মাধ্যমে দেখেছি আপনার সবাই আমার জন্য কি পরিমাণ দোয়া করেছেন। আপনাদের দোয়াই আমাকে সুস্থ্য রেখেছে। আল্লাহর কাছে কৃতজ্ঞতা প্রকাশ করছি। আমি অসুস্থ্য থাকা অবস্থায়ও রূপগঞ্জের উন্নয়নের কথা চিন্ত করেছি। শত কষ্ট হলেও মুজিববর্ষ উপলক্ষে গ্রহীত কার্যক্রম বাস্তবায়ন করা হবে। রূপগঞ্জ উপজেলার জন্য ৫০০০/- (পাঁচ) হাজার টিউবেল বরাদ্দ দেয়া হয়েছে। অন্যান্য উপজেলায় এত টিউবেল বরাদ্দ দেওয়া হয়নি। পল্লী বিদ্যুৎ মাননীয় প্রধানমন্ত্রীর এক নম্বর টার্গেট। রূপগঞ্জ উপজেলায় শতভাগ বিদ্যুৎ সরবরাহ করা হয়েছে। আমি বিদ্যুতায়নে হ্যাপি এবং গ্রাহকও হ্যাপি। আশা করি এ উপজেলায় বিদ্যুৎ এর তেমন কোনো সমস্য নেই। আমরা ০১ জানুয়ারি ২০২০ তারিখ বই উৎসব পালন করি। ঐ দিন সারা বাংলাদেশে সকল শিক্ষার্থীদের বিনামূল্যে বই বিতরন করা হয়েছে। বর্তমান সরকারের প্রচেষ্টার ফলে শিক্ষার্থী ঝড়ে পড়ার হার অনেকাংশে কমে গেছে। যার ফলশ্রুতিতে ভবিষ্যতে বাংলাদেশ একটি শিক্ষিত জাতিতে রূপান্তরিত হবে। তিনি সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। রূপগঞ্জ উপজেলাকে একটি মডেল উপজেলা হিসেবে গড়ে তোলা হবে মর্মে সবার সহযোগিতা কামনা করেন।

উপজেলা নির্বাহী অফিসার, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ যাদের রক্তের বিনিময়ে আমাদের স্বাধীনতা অর্জন হয়েছে সেই বীর মুক্তিযোদ্ধাদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন। মহান আল্লাহ তায়াল্লার প্রতি অশেষ কৃতজ্ঞতা প্রকাশ করছি। মন্ত্রী মহোদয় সুস্থ্য হয়ে আমাদের মাঝে ফিরে এসেছেন। আমরা সবাই অনেক আনন্দিত আপনাকে ফিরে পেয়ে। রূপগঞ্জের সকল শ্রেণির মানুষ আপনাকে অনেক ভালোবাসেন। আমরা সবাই আপনার সুস্থ্যতার জন্য দোয়া করেছি এবং ভবিষ্যতে যেন আপনি সুস্থ্য থাকেন সেজন্য সভা শেষে আপনার জন্য দোয়া করা হবে। আপনার অনুপস্থিতিতে আমাদের অনেক গুরুত্বপূর্ণ কাজ স্থগিত ছিল। তিনি বলেন, আগামি ০৩ ফেব্রুয়ারি ২০২০খ্রিঃ তারিখ হতে এসএসসি/এসএসসি (ভোকেশনাল)/দাখিল/ দাখিল(ভোকেশনাল) পরীক্ষা শুরু হবে। রূপগঞ্জ উপজেলাধীনএসএসসি/এসএসসি (ভোকেশনাল)/দাখিল/ দাখিল(ভোকেশনাল) পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্নকরণে উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করা হয় এবং পরীক্ষার কেন্দ্র ও ভেন্যুর নিরাপত্তা প্রদানে অফিসার ইনচার্জ, রূপগঞ্জ থানাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়। পরীক্ষা সম্পূর্ণ নকলমুক্ত পরিবেশে সম্পন্ন করতে হবে। এ বিষয়ে কাউকে ছাড় দেয়া হবে না। তিনি আরো বলেন, শুদ্ধভাবে জাতীয় সংগীত গাইতে হবে এবং শিক্ষার্থীদের মধ্যে শুদ্ধভাবে জাতীয় সংগীত এর চর্চা অব্যাহত রাখতে হবে। জাতীয় সংগীত এর সুরে সুরে প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠানের জাতীয় পতাকা উত্তোলন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। রূপগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন পূর্বক ইভটিজিং ও মাদকদ্রব্য রোধের বিষয়ে শিক্ষকদের পরামর্শ প্রদান করা হয়েছে। মাদকের বিষয়ে কোন প্রকার ছাড় দেয়া হবে না। প্রতিবন্ধী ভাতা বরাদ্দের পরিমান বৃদ্ধির ব্যবস্থা করায় মাননীয় মন্ত্রী মহোদয়কে ধন্যবাদ জানান। গভীর নলকূপ স্থাপনের বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়ন গ্রহন করতে হবে। জবাবদিহিতা ও স্বচ্ছতার স্বার্থে সরকারি যে কোন বরাদ্দ বিষয়ে জনপ্রতিনিধিদের অবহিত করতে হবে। ১০ টাকা কেজি দরের চাল সুষ্ঠুভাবে বন্টন করা এবং প্রকৃত ভিক্ষুকদের তালিকা দেয়ার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানান।

সভাপতি মহোদয় উপজেলার উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে দিক নির্দেশনামূলক আলোচনা করায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং উপস্থিত সদস্যগণকে রূপগঞ্জ উপজেলার উন্নয়নের ধারাকে অব্যাহত রাখার অনুরোধ জানান। তিনি বলেন, মাননীয় মন্ত্রী মহোদয় অসুস্থ্য হওয়ার পর রূপগঞ্জের সর্বস্তরের জনগন আমাদের মন্ত্রী মহোদয়ের জন্য দোয়া করেছেন। আল্লাহর অশেষ রহমত আমরা নতুন বছরের প্রথম সভায় মন্ত্রী মহোদয়কে আমাদের মাঝে সুস্থ্য অবস্থায় পেয়েছি। আমরা সবাই অনেক আনন্দিত। আপনি নিজের প্রতি অধিক যত্নশীল হবেন এটা আপনার প্রতি আমার অনুরোধ রইল। ০৩/০২/২০২০ খ্রিঃ তারিখ হতে এসএসসি/এসএসসি (ভোকেশনাল)/দাখিল/ দাখিল(ভোকেশনাল) পরীক্ষা, ২০২০ শুরু হবে। রূপগঞ্জ উপজেলাধীন এসএসসি/এসএসসি (ভোকেশনাল)/দাখিল/ দাখিল(ভোকেশনাল) পরীক্ষা সম্পূর্ণ নকল মুক্ত পরিবেশে সম্পন্নকরণে সকল পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। আমরা ০১ জানুয়ারি ২০২০ তারিখ বই উৎসব পালন করি। ঐ দিন সারা বাংলাদেশে সকল শিক্ষার্থীদের বিনামূল্যে বই বিতরন করা হয়েছে। রূপগঞ্জ উপজেলা সকল শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ বই বিতরণ করা হয়। সরকারের নির্ধারিত ফি ছাড়া অতিরিক্ত অর্থ গ্রহণ না করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ জানান। রূপগঞ্জ উপজেলায় কোন সমস্যার উদ্ভব হলে সম্মিলিত প্রয়াসে সমাধান করার প্রতি জোর আরোপ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ শাহজাহান ভূঁইয়া)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

তারিখঃ ১০ ফেব্রুয়ারি ২০১৯।

স্মারক নং-০৫.৪১.৬৭৬৮.০০০.১৬.০৯.১৩-

সদয় জ্ঞাতার্থেঃ-

১। জনাব গোলাম দস্তগীর গাজী(বীরপ্রতীক),এমপি
মাননীয় মন্ত্রী, (বস্ত্র ও পাট মন্ত্রণালয়), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৫। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

অবগতি ও কার্যার্থে ঃ

১। মেয়র, তারাব পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
২। উপজেলা ..........................................................................কর্মকর্তা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৩। মেয়র, কাঞ্চন পৌরসভা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৪। চেয়ারম্যান.......................................................ইউপি (সকল), রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
৫। জনাব/বেগম...................................................................।

০৩/০৩/২০২০
মমতাজ বেগম
উপজেলা নির্বাহী অফিসার
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।